



বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

পরমাণু ভবন

ই- ১২/এ আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা- ১২০৭



শোক বার্তা

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সূচনালগ্নে অনন্য ভূমিকা পালনকারী ড. সফিকুল ইসলাম ভূইয়া ১ জুলাই, ২০২৪ খ্রি. রোজ সোমবার দুপুর ২টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর অকাল মৃত্যুতে জাতি হারালো পরমাণু শক্তি গবেষণায় আজীবন নিমগ্ন দেশপ্রেমিক বিজ্ঞানীকে। আমরা পরমাণু পরিবার হারিয়েছি একজন নিবেদিত প্রাণ অকৃত্রিম অভিভাবককে। তার অকাল মৃত্যুতে আমরা গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সকল স্তরের বিজ্ঞানী এবং কর্মকর্তা- কর্মচারীবৃন্দের পক্ষ থেকে আমি মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। তার পরিবার পরিজন যেন এই অপরিমেয় শোক সহ্য করতে পারেন তার জন্য মহান আল্লাহ তা'য়ালার নিকট প্রার্থনা করছি।

ড. মোঃ শৌকত আকবর
চেয়ারম্যান